# দলের সীমাবদ্ধতা ছাড়িয়ে দেশকে এগিয়ে নেওয়ার আহ্বান জামায়াত আমির




জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দলীয় স্বার্থের সংকীর্ণ গণ্ডি ভেঙে বৃহত্তর জাতীয় স্বার্থে একসঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন সংসদের বিরোধী দলীয় নেতা ও ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাজধানীর মিরপুর-১৩ এলাকায় এতিম শিশুদের সম্মানে আয়োজিত ইফতার অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, সমাজের প্রান্তিক অবস্থা থেকে উঠে আসা শিশুরাও একদিন দেশের সর্বোচ্চ নেতৃত্বে পৌঁছাতে পারে— এমন একটি রাজনৈতিক পরিবেশ গড়ে তুলতে হবে। তার দাবি, অন্তর্ভুক্তিমূলক নেতৃত্ব তৈরিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী কাজ করে যাচ্ছে।

তিনি আরও বলেন, দায়িত্বশীল বিরোধী দল হিসেবে জামায়াত সরকারের ইতিবাচক উদ্যোগে সহযোগিতা করবে। একই সঙ্গে নীতিগত ভুল হলে তা চিহ্নিত করে গঠনমূলক সমালোচনার মাধ্যমে সংশোধনের পথও দেখাবে।

গণমাধ্যম ও বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতার প্রশ্নে তিনি উদ্বেগ প্রকাশ করেন। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর কয়েকজন সাংবাদিককে চাকরি থেকে সরিয়ে দেওয়ার ঘটনাকে তিনি অনভিপ্রেত ও স্বাধীনতার পরিপন্থী পদক্ষেপ বলে মন্তব্য করেন।

LENS ASIA